

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
(আইসিটি শাখা)
www.natore.gov.bd

অতীব জরুরি

স্মারক নং-০৫.৪৩.৬৯০০.০২৩.১৬.০২৫.১৪.১৪

তারিখ: ০৭ আষাঢ়, ১৪২৭
২১ জুন, ২০২০

বিষয়: “অনলাইন-ভিত্তিক ডিজিটাল মেলা-২০২০” উদযাপনের নিমিত্তে ডিজিটাল কার্যক্রমের টেক্সট/প্রেজেন্টেশন, ছবি ও ভিডিও প্রেরণ

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ১৮/০৬/২০২০ খ্রি. তারিখের ৫৬.০০.০০০০.০০৬.৯৯.০০৩.১৯.৩৪৫ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও এটুআই-এর সহযোগিতায় বর্তমান করোনা (কোভিড-১৯) সংক্রমণ পরিস্থিতি বিবেচনায় ডিজিটাল কার্যক্রমকে জাতীয় তথ্য বাতায়নের মাধ্যমে নাগরিকদের কাছে উপস্থাপনের লক্ষ্যে “অনলাইন প্ল্যাটফর্মে ডিজিটাল মেলা-২০২০” আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে।

এমতাবস্থায়, “অনলাইন-ভিত্তিক ডিজিটাল মেলা-২০২০” উদযাপনের জন্য আগামী ২৫/০৬/২০২০খ্রি. তারিখের মধ্যে ডিজিটাল কার্যক্রমের টেক্সট/প্রেজেন্টেশন, ছবি ও ভিডিও (সফট কপি) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ পাতা।

প্রাপক,

.....

....., নাটোর।

 21-6-2020

(শরীফ শাওন)

সহকারী কমিশনার

আইসিটি শাখা

জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর

* ফোন-০৭৭১-৬৬৩৮৩

E-mail: acictnatore@yahoo.com

মেলার অনলাইন প্যাভিলিয়ন

প্যাভিলিয়ন	বিবরণ
প্যাভিলিয়ন ১: ই-সেবা	বিভিন্ন খাতে (ডিজিটাল প্রশাসন, কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ, স্বাস্থ্য, যোগাযোগ, ভূমি- ই-পর্চা ও ই-মিউটেশন, বিআরটিএ, পোস্টাল বিভাগের সার্ভিসসমূহ, ই-পাসপোর্ট, পরিবেশ এবং অন্যান্য সেবা খাত) সরকারি সেবার ডিজিটাল পদ্ধতির বা ই-সেবার স্বচিহ্ন তথ্য-উপাত্ত।
প্যাভিলিয়ন ২: ডিজিটাল সেন্টার, পোস্ট ই-সেন্টার, এজেন্ট ব্যাংকিং, রুরাল ই-কমার্স ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহ	ডিজিটাল সেন্টার এবং পোস্ট ই-সেন্টারের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার পুরো প্রক্রিয়া। ডিজিটাল সেন্টার এবং পোস্ট ই-সেন্টার থেকে যেসকল সেবা দেওয়া হয় তার তালিকা এবং সেবা মূল্যের তালিকা। এজেন্ট ব্যাংকিং এবং ই-কমার্স সেবাকে জনগণের নিকট সহজভাবে উপস্থাপন।
প্যাভিলিয়ন ৩: শিক্ষা ও কর্মসংস্থান	স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা বিষয়ক নতুন উদ্ভাবন এবং শিক্ষা বিষয়ক নানা ডিজিটাল কার্যক্রম ও শিক্ষা সংশ্লিষ্ট উদ্ভাবনী উদ্যোগ। যুব উন্নয়ন অধিদপ্তর, বিসিক, বিএমআইটি, পলিটেকনিক ইনস্টিটিউট, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ সহ সরকারের বিভিন্ন দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠানের 'দক্ষতা ও কর্মসংস্থান' বিষয়ক ইনোভেটিভ উদ্যোগ।
প্যাভিলিয়ন ৪: বিভিন্ন স্টার্টআপ ও তরুণ উদ্ভাবকদের উদ্যোগ প্রদর্শন	স্থানীয় পর্যায়ের বিভিন্ন উদ্যোগ, বিভিন্ন স্টার্টআপের বিবরণ, ছবি, ভিডিও প্রদর্শন। স্থানীয় শিক্ষার্থী ও তরুণ উদ্ভাবকদের উদ্ভাবনী প্রকল্প উপস্থাপন। স্থানীয় পর্যায়ের নাগরিক সমস্যা সমাধান নিয়ে যে কোন উদ্যোগ কিংবা প্রোটোটাইপ প্রদর্শন।